রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৪২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৮, ২০১৮

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬২৭—৬৪০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৩১—১১৭৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯২৫—২১৩৯ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৩—৫৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৫/১২ আগস্ট ২০১৮

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৬.১৭-২৮৮**—যেহেতু, জনাব পতিত পাবন দেবনাথ (পরিচিতি নং-১১১১২), প্রাক্তন সহকারী সচিব (নন-ক্যাডার), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব) (নন-ক্যাডার), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার পদে নিয়োগের নিমিত্ত ৬৩৪ জন মুক্তিযোদ্ধার দলিলাদি যাচাইকালে বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মাহবুবুর রহমান, পিতা মোঃ ফজলুর রহমান, কাশিয়ানী, গোপালগঞ্জ কর্তৃক দাখিলকৃত এসএসসি সনদের ছায়ালিপিতে পাসের বিষয়টি উল্লেখ না থাকায় সনদে উল্লিখিত জন্ম তারিখের গ্রহণযোগ্যতা হারায় মর্মে মন্তব্য লিখে নোট উপস্থাপনের পর বর্ণিত মুক্তিযোদ্ধার সঠিক জন্ম তারিখ প্রমাণের জন্য তার জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ দাখিলের জন্য উপস্থাপিত নোট মাননীয় মন্ত্রী কর্তৃক ০৭-০৫-২০১৭ তারিখ অনুমোদিত হলেও উল্লিখিত মুক্তিযোদ্ধার পক্ষে তার ছেলে একই সনদের ছায়ালিপি দাখিল করে প্রত্যয়নের জন্য আবেদন করলে তা ০৯-০৭-২০১৭ তারিখ নথিভুক্ত করাসহ অভিযুক্ত কর্মকর্তা নথিটি ব্যক্তিগত উদ্যোগে নিজ হেফাজতে রাখেন এবং পরে মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত পূর্বের নোট সরিয়ে নতুন যাচাইশীট লাগিয়ে এসএসসি সনদের কপিতে উল্লিখিত জন্ম তারিখ প্রত্যাসিত মর্মে উল্লেখ করে জামুকা'র (জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল) শর্তে প্রত্যয়নের প্রস্তাব করেন যা পুনরায় মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হওয়ার অভিযোগ পাওয়া যায়।

উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)"-এর অভিযোগে বিভাগীয় মামলারুজু করে এ মন্ত্রণালয়ের শৃঙ্খলা-২ শাখার ২৪-১০-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৬.১৭-৪৯৮ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার পিডিএস এ উল্লিখিত স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হলে পত্রটি বিনাজারীতে ফেরত আসে। এ বিষয়ে তার নিকট হতে কোন জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) অনুযায়ী শৃঙ্খলা-২ শাখার ০৩-০১-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৬.১৭-১৪ নং স্মারকমূলে বেগম ফরিদা ইয়াসমীন (১৫৩৮৯), উপসচিব, উন্নয়ন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

যেহেতু, তদন্ত কর্মকর্তা ০৩-০৭-২০১৮ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন ; এবং

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় জনাব পতিত পাবন দেবনাথ (১১১১২) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

সেহেতু, জনাব পতিত পাবন দেবনাথ (পরিচিতি নং-১১১১২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব) (নন-ক্যাডার), জনপ্রশাসন মন্ত্রণালয় এবং প্রাক্তন সহকারী সচিব (নন-ক্যাডার) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক তাকে "০১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ০১(এক) বছরের জন্য স্থগিত (Withholding of 1(one) increment for 1(one) year)" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যত বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ শ্রাবণ ১৪২৫/১৩ আগস্ট ২০১৮

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৪.১৭-২৯০**—যেহেতু, জনাব এস. এম. শফিক (১৫৫৮৭)-এর বিরুদ্ধে সহকারী কমিশনার (ভূমি), কোতয়ালী রাজস্ব সার্কেল, ঢাকা হিসেবে কর্মকালে নামজারি কেস নং ৮৪৪/১১, ৮৪৫/১১, ৮৪৬/১১, ৮৪৭/১১, ৮৪৮/১১, ৮৪৯/১১, ৮৫০/১১, ৮৫৪/১১, ৮৫৫/১১, ৮৫৬/১১, ৮৫৭/১১, ৮৫৮/১১, ৮৫৯/১১, ৮৬০/১১ এবং ৮৬১/১১ এর মাধ্যমে পরিত্যক্ত সম্পত্তি অবৈধভাবে নামজারি করায় জেলা প্রশাসক, ঢাকা-এর পত্রের পরিপ্রেক্ষিত এ মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ অধিশাখার ইউও. নোটের মাধ্যমে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়েরের অনরোধ জানানো হয়। মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন ক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারিপূর্বক তাকে কৈফিয়ত তলব করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা চানতে চাওয়া হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে ২০-০২-২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ;

যেহেতু, ব্যক্তিগত শুনানীঅন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মোঃ জোহর আলী (১৫০৮৫), উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয় ;

যেহেতু, তদন্ত কর্মকর্তা ০২-০৮-২০১৮ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, দাখিলকৃত কাগজপত্র তথ্য প্রমাণ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি ;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এস. এম. শফিক (পরিচিতি নং-১৫৫৮৭), সিনিয়র সহকারী সচিব, রেলপথ মন্ত্রণালয় এবং প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), কোতয়ালী সার্কেল, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৫/০৮ আগস্ট ২০১৮

**নং আর-৬/৭এন-৩০/২০১৮-৩৭২**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব জোনায়েদ আহমেদ চৌধুরী, পিতা-আমীর খসরু চৌধুরী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২৯/২০১৮-৩৭৩**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব উম্মে কুলসুম, পিতা-মোঃ ছানাউল্লাহ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আগস্ট ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১৭.১৭-৪৮৬**—ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১4 এর ৭(১)(ক) ধারা অনুসারে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান জনাব ড. মজিব উদ্দিন আহমেদ-কে তাঁর নিয়োগের মেয়াদ গত ১০-১১-২০১৭ তারিখে ৩(তিন) বছর সমাপনান্তে পূর্ববর্তী নিয়োগের ধারাবাহিকতায় ১০-১১-২০১৭ হতে ০৯-১১-২০২০ তারিখ পর্যন্ত আরও ৩(তিন) বছরের জন্য উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে পুনঃনিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইদুর রহমান**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[কাস্টমস]**

**বিশেষ আদেশ**

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৫/১২ আগস্ট ২০১৮

**নং ২৯৮/২০১৮/কাস্টমস/৪৬৩**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সোনামসজিদ স্থল শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স ডিবিএস ডিউটি ফ্রি নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-০১/কাস-পিবিডব্লিউ/২০১৫, তাং ২৮-১০-২০১৫) অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরের জন্য নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,২৭,৪২৫.০০ |
| ০২. | লিকার ও অন্যান্য ড্রিংকস্ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ০.০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ২০,০০০.০০ |
| ০৪. | কনফেকশনারী, ইলেকট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ২০,০০০.০০ |
| | সর্বমোট= | ১,৬৭,৪২৫.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**বিচার শাখা-৭**

**আইন ও বিচার বিভাগ**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলি**

তারিখ : ৩১ জুলাই ২০১৮

**নং বিচার-৭/২এন-১৬৪/৮৬-৪৭৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব নুরুজ্জামান, পিতা-আসকার আলী, মাতা-নুরজাহান, গ্রাম-মালাধরপুর, ডাকঘর-বিদ্যাধরপুর, উপজেলা-মহেশখালী, জেলা-ঝিনাইদহ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার ১২নং আজমপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৭ আগস্ট ২০১৮

**নং বিচার-৭/২এন-১০/৯৩-৪৮৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ মাজেদুল ইসলাম, পিতা-আশরাফ উদ্দিন, মাতা-রহিমা খাতুন, গ্রাম-বেড়াখারুয়া, ডাকঘর-বেলকুচি, উপজেলা-বেলকুচি, জেলা-সিরাজগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার বেলকুচি পৌরসভার ১নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১০/৯৩-৪৮৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ আবু বকর ছিদ্দিক, পিতা-মনিরুজ্জামান, মাতা-মোছাঃ হাজেরা খাতুন, গ্রাম-চন্দনগাতী, ডাকঘর-চন্দনগাতী, উপজেলা-বেলকুচি, জেলা-সিরাজগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার বেলকুচি পৌরসভার ০৬ ও ০৭ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১০/৯৩-৪৮৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ মাহমুদুল হাসান, পিতা-আনোয়ার হোসেন সরকার, মাতা-মোছাঃ কোহিনুর বেগম, গ্রাম-কামারপাড়া, ডাকঘর-শেরনগর, উপজেলা-বেলকুচি, জেলা-সিরাজগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার বেলকুচি পৌরসভার ০৮ ও ০৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-০৮/২০০৫-৪৯০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আশরাফুল আলম, পিতা-মৃত মোজাহার উদ্দীন, মাতা-তহুরা খাতুন, গ্রাম-ঘুগরাকাটী, ডাকঘর-ঘুগরাকাটী, উপজেলা-কয়রা, জেলা-খুলনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খুলনা জেলার কয়রা উপজেলার ০২ নং বাগালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-২৪/২০০২-৪৯১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিতা-মৃত সোলায়মান, মাতা-মোসাঃ নিলুফা বেগম, গ্রাম-মালকামলা মহাদেবপুর, ডাকঘর-পানিহার, উপজেলা-গোদাগাড়ী, জেলা-রাজশাহী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ০৩নং পাকড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ ভাদ্র ১৪২৫/২৬ আগস্ট ২০১৮

**নং ২৮.০৫.০০০০.০১২.১৩.০০৬.১৬-৪৫০**—জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনে সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত (Blue Economy) সেল নামীয় অস্থায়ী সেল গঠন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আঃ খালেক মল্লিক**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৫/৩১ জুলাই ২০১৮

**নং ৩৮.০০.০০০০.০০৪.২৭.০১৪.০৭-১৮৪**—যেহেতু, জনাব মোঃ সাখাওয়াত হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া)-কে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর ২৭-০৮-২০০৮ তারিখের প্রাগম/তঃশৃঃ/ ডিপিইও/অভিযোগ-১৪/২০০৭/১৯৭ নং প্রজ্ঞাপনমূলে চাকুরী হতে বরখাস্ত (Dismissal From Service) করা হয়, এবং

যেহেতু, তিনি উক্ত বরখাস্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ এটি-৪৩/২০১০ (নতুন), ০৮/২০০৯ (পুরাতন) মামলা রুজু করেন এবং বিজ্ঞ ট্রাইব্যুনাল বিগত ১৯-১০-২০১০ তারিখে প্রতিপক্ষগণের বিরুদ্ধে দোতরফা শুনানী অন্তে নামঞ্জুর আদেশ প্রদান করেন, এবং

যেহেতু, তিনি উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে, এএটি-২৪৯/২০১০ মামলা রুজু করেন এবং বিজ্ঞ আপিল ট্রাইব্যুনাল ০২-০১-২০১২ তারিখে তাকে প্রদত্ত দণ্ড কমিয়ে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদানের আদেশ প্রদান করেন, এবং

যেহেতু, বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের উক্ত আদেশের বিরুদ্ধে সরকারের পক্ষে মহামান্য আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ-টু-আপিল নং-১৩৭/২০১২ দায়ের করা হয় এবং মহামান্য আপিল বিভাগ কর্তৃক বিগত ০৭-০৩-২০১৬ তারিখে "The Civil Petition For Leave to Appeal is dismissed as barred by limitation" মর্মে আদেশ প্রদান করেন, এবং

যেহেতু, জনাব মোঃ সাখাওয়াত হোসেন, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-তে বাস্তবায়ন-১/২০১৮ [এএটি-২৪৯/২০১০, এটি-৪৩/২০১০ (নতুন), ০৮/২০০৯ (পুরাতন) হতে উদ্ভূত] মামলা রুজু করেন এবং বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক ১০-০৬-২০১৮ তারিখে মূল মামলা নিষ্পত্তির পরিপ্রেক্ষিতে উহা বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন,

সেহেতু, বিজ্ঞ আদালতের নির্দেশক্রমে পূর্বোক্ত আদেশ সংশোধনপূর্বক জনাব মোঃ সাখাওয়াত হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(বি) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(খ) মোতাবেক বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory Retirement) করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১০.১৮-১৮৭**—যেহেতু, জনাব স্বপন কুমার দাস, উপজেলা শিক্ষা অফিসার, মুলাদি, বরিশাল (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় ;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত তার বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র এবং নথিপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ)] মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব স্বপন কুমার দাস, উপজেলা শিক্ষা অফিসার, মুলাদি, বরিশাল (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক)] মোতাবেক "তিরস্কার (Censure)" লঘুদণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৫/০৫ আগস্ট ২০১৮

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৭.১৮-১৯৩**—যেহেতু, জনাব মোঃ আক্তারুজ্জামান মিলন, উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, মেহেন্দীগঞ্জ, বরিশাল)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(ডি) মোতাবেক অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় ;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন ;

যেহেতু, শুনানীকালে তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহের জবাব প্রদানে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। অভিযুক্তের প্রদত্ত বক্তব্য, তার লিখিত জবাব, দাখিলকৃত কাগজপত্র ও নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ;

সেহেতু, জনাব মোঃ আক্তারুজ্জামান মিলন, উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, মেহেন্দীগঞ্জ, বরিশাল)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(ই) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ)] মোতাবেক "বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**

সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

## স্বাস্থ্য সেবা বিভাগ

## ঔষধ প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ৩০ শ্রাবণ ১৪২৫/১৪ আগস্ট ২০১৮

**নং ৪৫.০০.০০০০.১৮২.২৪.১০১.১৮-১৬০**—সৌদি আরবে ঔষধ রপ্তানির সুযোগ সৃষ্টির লক্ষ্যে নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিদের সমন্বয়ে সরকারি উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল গঠন করা হলো :

১। জনাব নাজমুল হাসান এমপি, সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি ও ব্যবস্থাপনা পরিচালক, বেক্সিমকো ফার্মাসিউটিক্যাল লিঃ।

২। জনাব এ কে এম আলী আহাদ খান, যুগ্মসচিব (রপ্তানি-৫), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

৩। জনাব মোঃ মোশারফ হোসেন, পরিচালক-৯, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪। জনাব মোঃ আবদুর রউফ, পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৮ তলা), কাওরান বাজার, ঢাকা

৫। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি।

৬। স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। জনাব মোঃ রুহুল আমিন, পরিচালক (চঃদাঃ), ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**প্রতিনিধি দলের কর্মপরিধি :**

ক) সম্ভাব্য সফরসূচি প্রণয়ন, পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তি/প্রতিষ্ঠানের সঙ্গে সাক্ষাতকারের জন্য পূর্বসূচি প্রণয়ন সহ পরিদর্শনের সম্ভাব্যতা যাচাই করণের ব্যবস্তা গ্রহণ করবে

খ) বাংলাদেশে অবস্থিত সৌদি দূতাবাসের সাথে আলোচনা করে সৌদি আরবে ঔষধ রপ্তানীর লক্ষ্যে বিভিন্ন ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সহজে (Business visa) প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করবে।

গ) সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সহায়তায় সৌদি আরবে ঔষধ আমদানিকারক ও বাজারজাতকারী প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভার ব্যবস্থা করবে।

ঘ) বাংলাদেশের ঔষধের গুণগতমান এবং বাংলাদেমের উৎপাদনকারী প্রতিষ্ঠানের উচ্চ প্রযুক্তির ঔষধ উৎপাদনের সক্ষমতা তলে ধরার নিমিত্তে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অংশগ্রহণের মাধ্যমে সৌদি আরবে সেমিনার, সিম্পোজিয়াম এবং এক্সিবিশনের আয়োজন করবে।

ঙ) সংশ্লিষ্ট আমদানিকারকদের বাংলাদেশে আমন্ত্রণ জানিয়ে বাংলাদেশের ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের পরিদর্শনের ব্যবস্থা করবে।

চ) স্বাস্থ্য মন্ত্রণালয়সহ যথাযথ কর্তৃপক্ষের সফর চূড়ান্ত করণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সাক্ষাতকারের বিষয়ে ব্যবস্থা গ্রহণসহ কি কি কাজ করবে তা নির্ধারণ ও পরবর্তীতে তাঁর প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগ-কে অবহিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল ওহাব খান**

উপসচিব।

---

## শৃঙ্খলা অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৮ আগস্ট ২০১৮

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৬-২৮২**—যেহেতু, ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, চাঁদপুরের বিরুদ্ধে যৌতুক দাবীর অভিযোগে তাঁর প্রাক্তন স্ত্রী কর্তৃক বিজ্ঞ মুখ্য মহানগর হাকিমের আদালত, ঢাকায় মামলা সিআর নং-১০১/২০১৬ (ধারা ১৯৮০ সনের যৌতুক নিরোধ আইনের ৪) এর ওয়ারেন্ট বলে গত ১৯-১০-২০১৬ খ্রিঃ তারিখে শাজাহানপুর থানা, ডিএমপি, ঢাকা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে কোর্ট হাজতে প্রেরণপূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ হন এবং পরবর্তীতে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন প্রাপ্ত হওয়ায় বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-৭) এর বিধি ৭৩ মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮-০৬-২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৬-২৫৭ নং আদেশমূলে তাঁকে ১৯-১০-২০১৬ খ্রিঃ থেকে সরকারি চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় ;

যেহেতু, উক্ত মামলায় বিজ্ঞ মহানগর দায়রা জজ আদালত, ঢাকা গত ১৭-০৭-২০১৭ খ্রিস্টাব্দের আদেশে উক্ত মামলায় তাঁর বিরুদ্ধে আনীত ফৌজদারী অভিযোগের দায় হতে তাঁকে খালাস প্রদান করেছেন ;

এমতাবস্থায়, ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, চাঁদপুরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ০৮-০৬-২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৬-২৫৬ নম্বর আদেশে সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ০৮-০৬-২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০. ১৪৩.২০১৬-২৫৭ নম্বর স্মারকে অসদাচরণ এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৭-২৮৪**—যেহেতু, ডাঃ মোঃ মাহমুদুল হুদা (ক্রমিক নং ১১২২৩, মেধাক্রম-১১৩৭, রেজিঃ-২০০১৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আটোয়ারী, পঞ্চগড় গত ০১-১২-২০০৬ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০১-১২-২০১১ খ্রিঃ হতে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ৫(পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে ;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরী স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মোঃ মাহমুদুল হুদা (ক্রমিক নং ১১২২৩, মেধাক্রম-১১৩৭, রেজিঃ-২০০১৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আটোয়ারী, পঞ্চগড়ের কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০২-১২-২০১১ খ্রিঃ হতে তাঁর চাকুরীর অবসর কার্যকর হবে। গত ০১-১২-২০০৬ খ্রিঃ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ : ০১ ভাদ্র ১৪২৫/১৬ আগস্ট ২০১৮

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪১.২০১৮-৩০১**—যেহেতু, ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, প্রাক্তন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলতলা, খুলনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে 'অসদাচলণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় ;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০)-কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০৯-২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০. ১০৯. ২০১২-৭৮৯ নং আদেশে সরকারি চাকুরী হতে অপসারণ করা হয় ;

যেহেতু, ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০) তাঁর অপসারণ আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকায় এএটি-১৭৯/২০১৫ নং মামলা দায়ের করেন ;

যেহেতু, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকার বিজ্ঞ বিচারক ১৪-১২-২০১৬ তারিখে রায়ে এর মন্ত্রণালয়ের ১২-০৯-২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১২-৭৮৯ নং আদেশ বাতিল করতঃ ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০)-কে চাকুরীতে পুনর্বহালের আদেশ প্রদান করেন ;

যেহেতু, উক্ত এএটি-১৭৯/২০১৫ নং মামলা রায়ের বিরুদ্ধে লীভ-টু-আপিল দায়ের করলে তাঁর ফল লাভের সম্ভাবনা কম থাকায় সলিসিটর উইং, এটি/এএটি শাখা, আইন ও বিচার বিভাগ দুইবার উক্ত আদেশে বিরুদ্ধে আপিল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করে ;

সেহেতু, এক্ষণে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকার ১৪-১২-২০১৬ তারিখের রায়ের পরিপ্রেক্ষিতে ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, প্রাক্তন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলতলা, খুলনা-কে তাঁর সরকারি চাকুরী অপসারণের তারিখ ২৫-০৮-২০১০ হতে চাকুরীতে পুনর্বহাল করা হল। একই সাথে ১ বছর ৮ মাস ২১ দিন গড় বেতনে (২৫-০৮-২০১০ হতে ১৬-০৫-২০১২ খ্রিঃ পর্যন্ত) ছুটি মঞ্জুর এবং বাকী ১ বছর ৩ মাস ২৭ দিন (১৭-০৫-২০১২ খ্রিঃ হতে ১২-০৯-২০১৩ খ্রিঃ পর্যন্ত) বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বিজ্ঞ আদালতের নির্দেশ মোতাবেক তিনি আর্থিক ও চাকুরীর অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**পার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ আগস্ট ২০১৮

**নং ৪৫.১৪২.০১৯.০০.০০.০২০.২০১৪-৫৩৪**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৭-০৮-২০১৮ তারিখের ৪৫.১৪২. ০১৯.০০.০০.০২০.২০১৪-৫১৩ নম্বর স্মারকে রংপুর মেডিকেল কলেজে ডেন্ট্রিষ্ট্রি বিভাগের বিভিন্ন বিষয়ে শূন্য পদে পদায়ন সংক্রান্ত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মইনউদ্দিন আহ্‌মদ**
যুগ্মসচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৫/১৯ আগস্ট, ২০১৮

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০১৪.২০১৩-৩৯৮**—যেহেতু, জনাব অসীম কুমার দে (৭৪৫৯), প্রকল্প পরিচালক (উপসচিব), আদমশুমারি ও গৃহ গণনা-২০১১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা-এর দায়িত্ব পালনকালে প্রকল্পের আর্থিক লেনদেনের ক্ষেত্রে আর্থিক শৃঙ্খলা ভঙ্গ করে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বিভিন্ন তারিখে বড় অঙ্কের নগদ অর্থসহ সর্বমোট ১,৪৫,১৩,৯১৮/- (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ তের হাজার নয়শত আঠার) টাকা উত্তোলন করেন এবং আদমশুমারি ও গৃহ গণনা-২০১১ এর জন্য ক্রয়কৃত বিভিন্ন মালামাল গত ২৩-০৩-২০১৩ তারিখে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অবৈধভাবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে অপসারণ করে অন্যত্র নিয়ে যাওয়াসহ ০৫ (পাঁচ)টি বিভিন্ন অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে ০৫.১৮০.২৭.০২.০০. ০১৪.২০১৩ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগে বর্ণিত অপরাধের প্রকৃতি ও গুরুত্ব, তদন্ত প্রতিবেদন, সাক্ষ্য প্রমাণ, ২য় কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালায় ৪(২)(বি) বিধি অনুযায়ী "০২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিত" (withholding of two increments for two years) করা এবং দণ্ডের মেয়াদ অন্তে বেতন স্কেলের বর্তমান ধাপে প্রত্যাবর্তন করবেন এবং দণ্ড বলবৎ থাকাকালীন বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না মর্মে অত্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা ১(১) অধিশাখার ২৩-০৩-২০১৪ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০১৪.২০১৩-১০৪ নং প্রজ্ঞাপনমূলে লঘুদণ্ডের আদেশ প্রদান করা হয়। উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে তিনি আপিল দায়ের করলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ০৭-০৮-২০১৪ তারিখে আপিল না-মঞ্জুর করা হয়।

যেহেতু, তিনি উক্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল নং-১৪৩/২০১৪ (পুরাতন) ৮০/২০১৫ (নতুন) মামলা দায়ের করেন। দায়েরকৃত উক্ত মামলায় প্রশাসনিক ট্রাইব্যুনাল ৩০-০৫-২০১৬ তারিখে নিম্নরূপ রায় ও আদেশ প্রদান করে :

> "প্রতিপক্ষ কর্তৃক প্রার্থীর উপর আরোপিত গত ২৩-০৩-২০১৪ তারিখের বিরোধীয় দণ্ডাদেশ এবং ০৭-০৮-২০১৪ তারিখের আপিল নাকচ আদেশ এতদ্বারা বে-আইনী, অকার্যকর এবং উহা প্রার্থীর উপর বাধ্যকর নহে মর্মে ঘোষণা করা হল।
>
> প্রার্থীকে বিধিমতে বকেয়া বেতন-ভাতাদি এবং চাকরির ক্ষেত্রে যাবতীয় সুযোগ সুবিধা প্রদানের জন্য প্রতিপক্ষকে নির্দেশ প্রদান করা হল।"

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনালের ৩০-০৫-২০১৬ তারিখের রায়ের বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের আইন অনুবিভাগ হতে যথাসময়ে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে আপিল দায়েরের জন্য সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগকে অনুরোধ করা হলে প্রশাসনিক ট্রাইব্যুনাল-এর রায় ও আদেশ যথেষ্ট আইন ও তথ্য নির্ভর হওয়ায় সলিসিটর উইং আপিল দায়ের না করার মতামত প্রদান করে। আইন ও বিচার বিভাগ, আইন মন্ত্রণালয় হতেও আপিল দায়ের না করার পক্ষে মতামত প্রদান করা হয়; এবং

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনালের নং-১৪৩/২০১৪ (পুরাতন) ৮০/২০১৫ (নতুন) মামলার ৩০-০৫-২০১৬ তারিখের রায় এবং আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার প্রদত্ত সাজা মওকুফের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব অসীম কুমার দে (৭৪৫৯), প্রাক্তন প্রকল্প পরিচালক, আদমশুমারি ও গৃহ গণনা-২০১১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা বর্তমানে উপসচিব, সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়-এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় ২৩-০৩-২০১৪ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০১৪.২০১৩-১০৪ নং প্রজ্ঞাপনমূলে প্রদত্ত লঘুদণ্ডাদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৩ ভাদ্র ১৪২৫/২৮ আগস্ট ২০১৮

**নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৭.২০১৭-৪১৩**—জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা (পরিচিতি নম্বর-৫৪৯৩), জোনাল সেটেলমেন্ট অফিসার (যুগ্মসচিব), দিনাজপুর হিসেবে কর্মকালীন ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলার আরাজী গোপীনাথপুর মৌজায় ২০১৪ সালে দায়েরকৃত ৯৮, ৯৯, ১০০ ও ১০১ নং ৪ (চার)টি আপত্তি মামলার আপিল ১৩-০৩-২০১৬ তারিখের মধ্যে শুনানির জন্য নির্ধারিত থাকলেও তা যথাসময়ের মধ্যে নিষ্পত্তি করেননি। এছাড়া, উক্ত মৌজার আপত্তি মামলার সময় ২৭-১০-২০১০ তারিখে শেষ হয়ে যাওয়ার পরও তিনি ২২-১০-২০১২ তারিখে ৭৪, ৫৫, ১৪ এবং ১৩ নং খতিয়ানের উপর বিশেষ আপত্তি মামলা গ্রহণ করে নির্ধারিত সময়ের পরও বিশেষ আপত্তি মামলা গ্রহণের সূত্রপাত করেছেন। তিনি এভাবে বিভিন্ন মৌজায় ১,৪৮,৭৪৯টি বিশেষ আপত্তি মামলা গ্রহণ করে জরিপের সমস্ত বিধি-বিধান লঙ্ঘন করে ভূমি মালিকদের হয়রানির মধ্যে ফেলেন এবং জরিপ কাজকে অবৈধভাবে বিলম্বিত করেছেন মর্মে অভিযোগ আনয়ন করা হয়। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি ০১-০৮-২০১৭ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ২০-০৯-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি শেষে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনাপূর্বক অভিযুক্তের বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের জন্য মামলা চলার মত পর্যাপ্ত ভিত্তি থাকায় জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সরকার (পরিচিতি নং-৪৮২৩), অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা (পরিচিতি নম্বর-৫৪৯৩)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় তাকে উক্ত বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী "বেতন গ্রেডের এক ধাপ নিম্নে তিন বছরের জন্য অবনমিতকরণ" রাখার এবং তিনি ভবিষ্যতে এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না মর্মে লঘুদণ্ড প্রদানের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সিদ্ধান্ত প্রদান করেন;

সেহেতু, জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা (পরিচিতি নম্বর-৫৪৯৩), প্রাক্তন জোনাল সেটেলমেন্ট অফিসার (যুগ্মসচিব), দিনাজপুর বর্তমানে পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় তাকে উক্ত বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী "বেতন গ্রেডের এক ধাপ নিম্নে তিন বছরের জন্য অবনমিতকরণ" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**জামস শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০০২.১৮.৫০**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, মাদারীপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নোক্ত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মাদারীপুর জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রঃ নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম ফরিদা ইয়াসমীন (পল্লবী)<br>স্বামী : মোঃ হাসান উদ্দিন<br>রাজৈর, মাদারীপুর | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম ফিরোজা বেগম<br>স্বামী : মৃত আলাউদ্দিন শিকদার<br>পাঠকান্দি, মাদারীপুর | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | স্বামী : আমিরুজ্জামান (বাবু)<br>উকিলপাড়া, মাদারীপুর | সদস্য |
| ০৪ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | বেগম তাহমিনা খানম (লিলি)<br>স্বামী : বীর মুক্তিযোদ্ধা মোঃ খলিলুর রহমান খান,<br>হরিকুমারিয়া, শহীদ বাচ্চু সড়ক, মাদারীপুর | সদস্য |
| ০৫ | ১০(১)(ঙ) | সমাজসেবী | বেগম শাহনাজ পারভীন (সীমা)<br>স্বামী : মোঃ মাহবুব হোসেন<br>২নং শকুনী রোড, মাদারীপুর। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১ নং ক্রমিকের জনাব বেগম ফরিদা ইয়াসমীন (পল্লবী) উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে ০২ (দুই) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল হক**
সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ শ্রাবণ ১৪২৫/১৪ আগস্ট ২০১৮

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫১.১৭.৩৫৭**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ মাঈন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা, সোনাগাজী সরকারি কলেজ, ফেনী এর বদলি আদেশ বাতিল ও বান্দরবান সরকারি মহিলা কলেজে পুনর্বহালের জন্য উক্ত কলেজের ছাত্রীদের ক্লাশ বর্জন করে মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণে উদ্বুদ্ধ করেন যা বিভিন্ন মিডিয়ায় ফলাও করে সংবাদ প্রকাশিত হওয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্তের আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২২-০৭-২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীতে তিনি জানান যে, ৩৩তম বি.সি.এস. এর মাধ্যমে তিনি প্রভাষক হিসেবে ০৭ আগস্ট ২০১৪ তারিখে বান্দরবান সরকারি মহিলা কলেজে যোগদান করেন। পদার্থবিজ্ঞান বিষয়ে তিনি ছিলেন কলেজের একমাত্র শিক্ষক। তিনি প্রায় ৩ বছর ৫ মাস নিরবচ্ছিন্নভাবে দায়িত্ব পালন করেছেন। বান্দরবানের মতো দুর্গম পাহাড়ি অঞ্চলে কর্মরত থাকা অবস্থায় তিনি একাধিকবার ম্যালেরিয়া ও টাইফয়েড জ্বরে আক্রান্ত হন। অন্যদিকে পরিবারের একমাত্র উপার্জনক্ষম সন্তান হিসেবে কুমিল্লায় গ্রামের বাড়িতে অবস্থানরত বৃদ্ধ মাতার দেখাশোনার দায়িত্বভার তাকেই পালন করতে হয়। কিন্তু বান্দরবান থেকে এ কাজ করা কষ্টকর হয়ে পড়ায় তিনি ০১ অক্টোবর ২০১৬ কুমিল্লা সরকারি ভিক্টোরিয়া কলেজের শূন্যপদে বদলির জন্য আবেদন করেন এবং বদলির অপেক্ষায় থাকেন। পরবর্তীতে ০২ মে ২০১৭ তারিখ থেকে ২৯ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশ নেয়ার কারণে কলেজে পদার্থবিজ্ঞান বিষয়ে আর কোন শিক্ষক না থাকায় এ সময় তার শিক্ষার্থীগণ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হলে প্রশিক্ষণ শেষে কলেজে ফিরে গিয়ে তিনি দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষাকে সামনে রেখে শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করেন। তাকে ৫ অক্টোবর ২০১৭ তারিখে শিক্ষা মন্ত্রণালয় হতে সোনাগাজী সরকারি কলেজ, ফেনীতে বদলি করা হয়। তিনি আবেদনে আরোও জানান যে, ১৪ অক্টোবর ২০১৭ তারিখের মানববন্ধনের সাথে তার ন্যূনতম সম্পর্কও নেই। বরং শিক্ষার্থী কর্তৃক তাকে উক্ত কর্মস্থলে রাখার দাবীটি ছিল তার ব্যক্তিস্বার্থের পরিপন্থি। ঘটনার সময় তিনি কলেজে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে অপরাপর শিক্ষকবৃন্দের সাথে অবস্থান করছিলেন। ছাত্রীদের মানববন্ধনের বিষয়টি জানার পর উক্ত কলেজের অধ্যক্ষকে অবহিত করেন। পরবর্তীতে বিষয়টি কলেজের সকল শিক্ষক মিলিত হয়ে জেলা প্রশাসককে অবহিত করেন। তার চার মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণকালীন ছাত্রীদের পড়াশোনায় বিঘ্ন ঘটায় জেলা প্রশাসক ও কলেজের অধ্যক্ষ শিক্ষার্থীদের ক্ষতির দিকটি বিবেচনা করে তাকে এইচ.এস.সি পরীক্ষা পর্যন্ত কলেজ থেকে রিলিজ না হওয়ার জন্য অনুরোধ করেন। তিনি ছাত্রীদের স্বার্থ ও জেলা প্রশাসকের অনুরোধের কথা বিবেচনা করে আরও কিছুদিন কলেজে অবস্থান করে শিক্ষার্থীদের আসন্ন এইচ.এস.সি. পরীক্ষা-২০১৮ প্রস্তুতিতে সহায়তা করেন। তার বদলি আদেশ বাতিলপূর্বক বান্দরবান সরকারি মহিলা কলেজে থাকার বিষয়ে তার কোন আগ্রহ ছিলনা। তার অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক পর্যালোচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, সরকার পক্ষ এবং অভিযুক্ত জনাব মোঃ মাঈন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা), এর ব্যক্তিগত শুনানি উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারার অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ শ্রাবণ ১৪২৫/০২ আগস্ট ২০১৮

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.১৫-১**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রঃ নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | ওয়াইজ হাউস বর্তমানে ললিতকলা একাডেমি থানা- কোতয়ালী। জেলা-ঢাকা | ঢাকা | এস এ-২৩২৬/ক | ৪১৩৬ | ১.২১০০ | উত্তর-রাস্তা দক্ষিণ-রাস্তা পূর্ব-বহুতল ভবন পশ্চিম-রাস্তা | এস.এ : প্রদ্যোত কুমার বসু পিং-অযুত কুমার বসু সাং-৩নং নন্দলাল দত্ত লেন | সম্মত | |
| | | শহর ঢাকা | আর এস-৩২৯১ | ৬৫৭৮ | ১.২১০০ | | আর.এস : প্রদ্যোত কুমার বসু পিং-অপশু কুমার বসু সাং-৩নং নন্দলাল দত্ত লেন | | |
| | | ঢাকা | মহানগর-৯৩৬১ | ১৯০২৭ | ১.১৮০৭ | | মহানগর : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ভূমি সংস্কার বোর্ড ভূমি মন্ত্রণালয় কোর্ড অব ওয়ার্ডস-নবাব এষ্টেট পক্ষে ম্যানেজার ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**
উপসচিব।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## জননিরাপত্তা বিভাগ
## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৫/০১ আগস্ট ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫২২**—চট্টগ্রাম জেলার মীরসরাই থানার মামলা নং-০৫, তারিখ: ০৮-০৩-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জেল বোম, পাউডার, ছোট গ্রেনেড, চাপাতি ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে জঙ্গি কার্যক্রম সংগঠনের উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্যাদি মজুদ রেখে নাশকতার পরিকল্পনা ও রাষ্ট্রের অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫২৩**—চট্টগ্রাম জেলার সীতাকুন্ড মডেল থানার মামলা নং-২৯, তারিখ : ১৬-০৩-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত পিস্তল, লাইট ড্রিল মেশিন, বেল্ট, গাম বুট ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে জঙ্গি কার্যক্রম সংগঠনের উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্যাদি মজুদ রেখে নাশকতার পরিকল্পনা প্রচেষ্টা ও অস্থিতিশীল পরিস্থিতি তৈরী করাসহ প্ররোচনার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫২৪**—চট্টগ্রাম জেলার সীতাকুন্ড মডেল থানার মামলা নং-৩০, তারিখ : ১৬-০৩-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত গ্রেনেড, সুইসাইডাল বেল্ট ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে জঙ্গি কার্যক্রম সংগঠনের উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্যাদি মজুদ রেখে নাশকতার পরিকল্পনা প্রচেষ্টা ও অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করাসহ প্ররোচনার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৫/০৫ আগস্ট ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৩৫**—রাজশাহী জেলার চারঘাট থানার মামলা নং-১১, তারিখ : ১১-০৬-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সদস্য হয়ে নিষিদ্ধ সংগঠনকে গতিশীল করার চেষ্টা ও জননিরাপত্তা বিপন্ন করার ষড়যন্ত্র ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৩৬**—রাজশাহী জেলার সাবেক পবা থানার মামলা নং-১৩, তারিখ : ২৩-০৯-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ককটেল, পেট্রোল বোমা, টেপ, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কার্যকলাপের উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্য নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৩৭**—ময়মনসিংহ জেলার ভালুকা থানার মামলা নং-৩০, তারিখ : ২০-১১-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত চাপাতি, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনকে সমর্থন ও এর কর্মকান্ড গতিশীল করার উদ্দেশ্যে সন্ত্রাসী কার্য পরিচালনা, প্রস্তুতি ও প্ররোচনা প্রদানের অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৩৮**—চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানার মামলা নং-৬৭, তারিখ : ২৮-০৪-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত কোরআন শরীফ, ছাতা, ল্যাপটপ, চাকু, পিস্তল ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে ও সহায়তায় বিস্ফোরক দ্রব্য ও আগ্নেয়াস্ত্র মজুদ ও ব্যবহার করে জঙ্গি কার্যক্রম পরিচালনার মাধ্যমে রাষ্ট্রে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৫/০৮ আগস্ট ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৪৪**—ঢাকা জেলার দারুস সালাম থানার মামলা নং-০৫(০১)১৮ এ তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত ব্যাগ, বিভিন্ন প্রকার জিহাদী বই, মোবাইল সেট ও অন্যান্য জব্দকৃত আলাম পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে অপরাধ সংঘটনের উদ্দেশ্যে আনসার উল্লাহ বাংলা টিমের সদস্য হয়ে সরকার বিরোধী প্রচার ও বইসহ উক্ত সংগঠনকে সমর্থনপূর্বক শক্তিশালী করার লক্ষ্যে সন্ত্রাসী কর্মকান্ড প্ররোচিত করাসহ সরকার বিরোধী বই হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৪৫**—ঢাকা জেলার তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-০৯(০৯)১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ব্যাগ, পাসপোর্ট, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সংঘবদ্ধ হয়ে জঙ্গি কার্যক্রম ও ইসলামী রাষ্ট্র কায়েমের লক্ষ্যে সদস্য ও অর্থ সংগ্রহ এবং সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৪৬**—রাজশাহী জেলার রাজপাড়া (আরএমপি) থানার মামলা নং-১০২, তারিখ : ৩১-০১-২০১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ব্যাগ, গান পাউডার, সোডা, বোতল ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে দেশের সংহতি, সার্বভৌমত্ব, জননিরাপত্তা ও সরকারকে উৎখাতসহ দেশকে অচল ও নাশকতা সৃষ্টি করার উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্য, দাহ্য পদার্থ মজুদ, বহন ও নিজ হেফাজতে রেখে সংগঠনের ষড়যন্ত্র ও সন্ত্রাসী কর্মকান্ড ও প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৪৭**—রাজশাহী জেলার পুঠিয়া থানার মামলা নং-১১, তারিখ : ০৭-১০-২০১৭ এ তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, বাই সাইকেল, মোবাইল ফোন, নগদ টাকা ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে দেশ ও সরকারের বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠনের মাধ্যমে ধ্বংসাত্মক কার্যকলাপের মাধ্যমে ষড়যন্ত্র, সন্ত্রাসী কর্মকান্ড ও বিশৃঙ্খলা সৃষ্টির জন্য বিতর্কিত জিহাদী বইসহ অবস্থানের অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৪৮**—চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর থানার মামলা নং-৪৮, তারিখ : ২৪-০৫-২০১৭ এ তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত পিস্তল, গান পাউডার, গুলি ভর্তি ম্যাগাজিন, বিভিন্ন প্রকার জিহাদী বই, মোবাইল সেট ও অন্যান্য মালামাল জব্দ তালিকামূলে জব্দ করা হয়। জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে তাদের সমর্থন, সন্ত্রাসী কার্যক্রম এবং অপরাধ সংঘটনের ষড়যন্ত্রের সহায়তা ও প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৫৫০**—ময়মনসিংহ জেলার ত্রিশাল থানার মামলা নং-০৪, তারিখ : ০৩-১১-২০১৭ এর তদন্ত এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, লিফলেট, মোবাইল সেট ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সাংগঠনিক কর্মকান্ড গতিশীল করার জন্য নাশকতামূলক কর্মকান্ড পরিচালনার প্রচেষ্টা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৯ আশ্বিন, ১৪২৫/৪ অক্টোবর ২০১৮

**নং ০৩.৭৭৬.০১৪.০০.০০.০৬৮.২০১৮-৮২৬০**—মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলার বড় বালুকান্দি মৌজায় স্ট্যান্ডার্ড গ্লোবাল ইকোনমিক জোন নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও প্রাক-যোগ্যতাপত্র প্রাপ্তির জন্য ইঞ্জিনিয়ার জনাব আতিকুর রহমান, চেয়ারম্যান, স্ট্যান্ডার্ড গ্লোবাল ইকোনমিক জোন লিমিটেড (প্রস্তাবিত), ৬৯ মহাখালী, সি/এ, ঢাকা-১২১২ নিজস্ব মালিকানা দাবি করে তফসিলসহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। নিম্নবর্ণিত তফসিলভুক্ত তাদের দাবিকৃত মালিকানাধীন জমির পরিমাণ ১৪০ একর। উক্ত আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ অনুচ্ছেদ ৫(২) অনুসারে প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারে এমন কোন ব্যক্তি বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল-১২), ১১১, বীর উত্তম সি.আর. দত্ত রোড, ঢাকা-১২০৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য মাস্টারপ্লান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্পকারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত অগ্নিনির্বাপন ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা হবে।

**তফসিল**

জেলা: মুন্সিগঞ্জ, উপজেলা : গজারিয়া, মৌজা : বড় বালুয়াকান্দি, জে.এল নং : ১৬।

আর.এস. খতিয়ান নং :

২, ৩, ৪, ৯, ১৫, ১৭, ১৮, ২২, ২৪, ২৮, ৩০, ৩১, ৩২, ৩৫, ৩৮, ৪২, ৪৬, ৪৭, ৪৮, ৫৪, ৫৭, ৬৬, ৭১, ৭২, ৭৩, ৭৭, ৮১, ৮৩, ৮৪, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৫, ৯৭, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৮/কাত, ১১০, ১১৫, ১১৬, ১১৭, ১২০, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১৩৭, ১৩৯, ১৪৩, ১৪৫, ১৪৮, ১৫২, ১৫৯, ১৬১, ১৬৫, ১৭১, ১৭২, ১৭৪, ১৮০, ১৮১, ১৯৩, ১৯৭, ১৯৮, ১৯৯, ২০০, ২০২, ২০৪, ২০৫, ২১০, ২১১, ২১৪, ২১৮, ২২০, ২২১, ২২৫, ২২৬, ২২৭, ২৩১, ২৩৩, ২৩৬, ২৩৭, ২৩৯, ২৪১, ২৪৪, ২৪৫, ২৫০, ২৫৭, ২৬২, ২৬৩, ২৫১, ২৫৫, ২৭১, ২৮০, ২৮৪, ২৮৫, ২৮৮/কাত, ২৮৯, ২৯১, ২৯৩, ২৯৪, ২৯৫, ৩৩৫, ৩৪৩, ৩৫১, ৩৫৭, ৩০১, ৩০৪, ৩০৫, ৩০৬, ৩০৮, ৩১১, ৩১২, ৩১৩, ৩১৪, ৩১৯, ৩২২, ৩২৩, ৩২৭, ৩২৯, ২৯৪, ৩৩৩, ৩৩২, ৩৩২/কাত, ৩৩৫, ৩৩৬, ৩৪১, ৩৪৩, ৩৪৯, ৩৫০, ৩৫১, ৩৫৫, ৩৫৬, ৩৫৭, ৩৫৮, ৩৫৯, ৩৬১, ৩৬৪, ৩৬৭, ৩৬৯, ৩৭১, ৩৭২, ৩৭৪, ৩৭৫, ৩৭৭, ৩৮০, ৬৭৪, ৯৮১, ৯৮৮, ৯৫৮, ১০৪০=১৫৬ টি।

সংশোধিত আর.এস. খতিয়ান নং :

৩৫, ৩৮, ৩৮(কাত), ৭১, ৭১(কাত), ৭২(কাত), ১৪৮(কাত), ২০৪/কাত, ২০৫/কাত, ২৪৫/কাত, ২৪৮/কাত, ২৪৮, ২৮৪/১, ২৮৪/কাত, ২৮৪/১, ৩১৪/কাত, ৩২৭, ৪৯৯, ৪৯৯, ৫০০, ৬৫৬, ৬৭৪, ৬৭৫, ৬৭৬, ৮০৩, ৮০৪, ৮০৯, ৮১০, ৮১৩, ৮১৪, ৮১৯, ৮২০=৩২ টি।

আর.এস. দাগ নং :

৬৯০, ৭১১, ৭১২, ৭১৩, ৭১৫, ৭১৬, ৭১৭, ৭১৮, ৭১৯, ৭২০, ৭২১, ৭২২, ৭২৩, ৭২৪, ৭৩১, ৭৩২, ৭৩৩, ৭৩৪, ৭৩৫, ৭৩৬, ৭৩৭, ৭৩৮, ৭৩৯, ৭৪১, ৭৪২, ৭৪৩, ৭৪৪, ৭৪৬, ৭৪৭, ৭৪৮, ৭৪৯, ৭৫০, ৭৫২, ৭৫৩, ৭৫৪, ৭৫৫, ৭৫৬, ৭৫৭, ৭৫৮, ৭৫৯, ৭৬০, ৭৬১, ৭৭৩, ৭৭৪, ৭৭৫, ৭৭৬, ৭৭৮, ৭৭৯, ৭৮৮, ৭৮৯, ৭৯০, ৭৯১, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৭৯৫, ৭৯৬, ৭৯৮, ৭৯৯, ৮০০, ৮০৩, ৮০৪, ৮০৫, ৮০৬, ৮১০, ৮১২, ৮১৩, ৮১৪, ৮১৬, ৮১৯, ৮২১, ৮২২, ৮২৩, ৮২৪, ৮২৫, ৮২৬, ৮২৭, ৮২৮, ৮২৯, ৮৩০, ৮৩১, ৮৩২, ৮৩৩, ৮৩৪, ৮৩৫, ৮৩৬, ৮৩৯, ৮৪০, ৮৪১, ৮৪৪, ৮৪৫, ৮৪৭, ৮৪৮, ৮৪৯, ৮৫০, ৮৫১, ৮৫২, ৮৫৩, ৮৫৪, ৮৫৫, ৮৫৬, ৮৫৭, ৮৫৮, ৮৫৯, ৮৬০, ৮৬১, ৮৬২, ৮৬৩, ৮৬৪, ৮৬৫, ৮৬৬, ৮৬৭, ৮৬৮, ৮৬৯, ৮৭০, ৮৭১, ৮৭২, ৮৭৩, ৮৭৪, ৮৭৫, ৮৭৬, ৮৭৭, ৮৭৮, ৮৭৯, ৮৮০, ৮৮১, ৮৮২, ৮৮৩, ৮৮৪, ৮৮৫, ৮৮৬, ৮৮৭, ৮৮৮, ৮৮৯, ৮৯০, ৮৯১, ৮৯২, ৮৯৩, ৮৯৪, ৮৯৫, ৮৯৬, ৮৯৭, ৮৯৮, ৮৯৯, ৯০০, ৯০১, ৯০২, ৯০৩, ৯০৪, ৯০৫, ৯০৬, ৯০৭, ৯০৮, ৯০৯, ৯১০, ৯১১, ৯১২, ৯১৩, ৯১৪, ৯১৫, ৯১৬, ৯১৭, ৯১৮, ৯১৯, ৯২০, ৯২১, ৯২২, ৯২৩, ৯২৪, ৯২৫, ৯২৬, ৯২৭, ৯২৮, ৯২৯, ৯৩০, ৯৩২, ৯৩৩, ৯৩৪, ৯৩৫, ৯৩৬, ৯৪৪, ৯৫১, ৯৫২, ৯৫৭, ৯৫৮, ৯৫৯, ৯৬০, ৯৬১, ৯৬২, ৯৬৩, ৯৬৪, ৯৬৫, ৯৬৬, ৯৬৭, ৯৬৮, ৯৬৯, ৯৭০, ৯৭১, ৯৭২, ৯৭৩, ৯৭৪, ৭১৩/৯৭৪, ৯৭৫, ৯৭৬, ৯৭৭, ৯৭৮, ৯৭৯, ৯৮০, ৯৮১, ৯৮২, ৯৮৩, ৯৮৪, ৯৮৫, ৯৮৬, ৯৮৭, ৯৮৮, ৯৮৯, ৯৯০, ৯৯১, ৯৯২, ৯৯৩, ৯৯৪, ৯৯৫, ৯৯৭, ৯৯৮, ৯৯৯, ১০০০, ১০০১, ১০০২, ১০০৩, ১০০৪, ১০০৬, ১০০৭, ১০০৮, ১০০৯, ১০১০, ১০১১, ১০১২, ১০১৩, ১০১৪, ১০১৫, ১০১৬, ১০১৭, ১০১৮, ১০১৯, ১০২০, ১০২১, ১০২২, ১০২৩, ১০২৪, ১০২৫, ১০২৬, ১০২৭, ১০২৮, ১০২৯, ১০৩০, ১০৩১, ১০৪৭, ১০৪৮, ৯৯৬/১০৮০, ৯৯৬/১০৮১, ৯৯৬/১০৮২, ১১৫৬, ৯২৫/১১৭১, ৯১০/১১৭৪, ৯১১/১১৭৫, ৯৯৬/১১৮০, ৯৯৬/১১৮১, ৯৯৬/১১৮২, ৯৬৬/১১৮৩, ৯৯৬/১১৮৪, ৯৮৪/১১৮৭, ৯৮৪/১১৮৮, ৯৩৪/১১৯০, ৯৩৪/১১৯১=২৭৯টি।

মোট জমি=১৪০ একর।

মূল রেকর্ডীয় মালিক হালে ক্রয়কৃত জমির নিবন্ধন নম্বর ও তারিখ :
১৫০৮/৪, ১৫০৬/৪, ১৫৬৫/৪, ১৫৬৬/৪, ১৬৬১/৪, ১৬৬২/০৪, ১৯৫৪/০৪, ১৯৫৮/০৪, ১৯৬৮/০৪, ২০১৫/০৪, ২০১৭/০৪, ২০২৪/০৪, ২০১২/০৪, ২১০৭/০৪, ২১০৮/০৪, ২১৭৬/০৪, ২২৩৫/০৪, ২২৯৮/০৪, ২৩৬৭/০৪, ২৪৫৪/০৪, ২৪৬৫/০৪, ২৪৮৩/০৪, ২৬৯৮/০৫, ২৭১৫/০৪, ২৭৫৪/০৪, ২৮০৩/০৪, ২৭৬২/০৪, ২৮৪৮/০৪, ২৮৪৬/০৪, ২৮৩৫৮/০৪, ২৮৪১/০৪, ২৮৭২/০৪, ২৮৬৮/০৪, ১৯০০/০৪, ১৯৫০/০৪, ৩১১২/০৪, ৩১১৩/০৪, ৩১৪৩/০৪, ৩১৩৫/০৪, ৩১৪৭/০৪, ২৯৫৪/০৪, ৩১৮৫/০৪, ৩২৩০/০৪, ৩২৪১/০৪, ৩২৯২/০৪, ৩৩১৪/০৪, ৩৩৩১/০৪, ৩৩৩২/০৪, ৩৩৬১/০৪, ৩৩৭০/০৪, ৩৪২২/০৪, ৩৩৭৯/০৪, ৩৩৮৮/০৪, ৩৪৪২/০৪, ৩৪৪১/০৪, ৩৪৪৫/০৪, ৩৬৩৭/০৪, ৩৬৯৭/০৪, ৩৭৯১/০৪, ৩৮০৫/০৪, ৩৮৪৫/০৪, ৩৮৩১/০৪, ৩৮৬৫/০৪, ৩৯৬৪/০৪, ৪১৩৭/০৪, ৩১৩২/০৪, ৩১৩৮/০৪, ৪০৯০/০৪, ৪০৭৯/০৪, ১৪৬/০৫, ৩০২/০৫, ৩৩১/০৫, ৪৭৫/০৫, ৪৮২/০৫, ৫৪৪/০৫, ৬০৭/০৫, ৪২৩/০৫, ৬২৬/০৫, ৫১২/০৫, ৮৬৫/০৫, ৯৩৯/০৫, ১০০১/০৫, ১১০১/০৫, ১১৩৯/০৫, ১১৩৮/০৫, ১১৮২/০৫, ১১৮০/০৫, ১২০০/০৫, ১৩১৭/০৫, ১৪৭৩/০৫, ১৬৬৬/০৫, ১৬৫৬/০৫, ১৬৫৪/০৫, ১৭৯৭/০৫, ১৭৮৭/০৫, ২০৮৯/০৪, ২০৮৬/০৫, ২৪৩৯/০৫, ২৪৪৩/০৫, ২৫৩৩/০৫, ২৮৮৬/০৫, ২৮৯০/০৫, ২৮৯২/০৪, ২৯৬৪/০৫, ২৯৬৫/০৫, ৩০৩০/০৫, ২৯৩৪/০৫, ৩১৪৭/০৫, ৩২৮৭/০৫, ৩৬০৫/০৫, ৩৬০৬/০৫, ৪১/০৬, ২৩৫/০৬, ২৩৬/০৬, ৪০১/০৬, ৪৬৫/০৬, ৬৬১/০৬, ৬৬৫/০৬, ৬৬৮/০৬, ৬৬৯/০৬, ৮১০/০৬, ১১৫৯/০৬, ১২৭৭/০৬, ১৫৭৩/০৬, ১৮০০/০৬, ১৮০৬/০৬, ২১১৪/০৬, ২৬৪০/০৬, ২৬৮০/০৬, ২৭৬৭/০৬, ২৮২৪/০৬, ৩১৫৬/০৬, ৩৩৫১/০৬, ৩৪৪৬/০৬, ১২৬৯/০৭, ২২২৬/০৭, ২৪৯৯/০৭, ২৫০০/০৭, ২৬১৭/০৭, ২৮০৫/০৭, ৩৬৩২/০৭, ৩১৬/০৮, ৩৩৩/০৮, ৭৯৩/০৮, ৯১১/০৮, ১০২০/০৮, ১৩৭৩/০৮, ১৩৮৬/০৮, ২১৮৮/০৮, ২৪০৪/০৮, ২৪৪০/০৮, ২৫৪২/০৮, ২৫৫৩/০৮, ৩১৭০/০৮, ৩২৯১/০৮, ৩৩৮৬/০৮, ৩৭০৫/০৮, ৪০৯০/০৮, ৪১৬৮/০৮, ৪৪৬৩/০৮, ৪৪৫৫/০৮, ৪৪৫৮/০৮, ২৩০৮/০৯, ২৮৭৭/০৯, ৩১৮৫/০৯, ৩৩২৪/০৯, ০১/০৯, ১০৪/১০, ২২৩/১০, ২০২৩/১০, ২৬০১/১০, ২৬৪১/১০, ২৯৬৩/১০, ৩০৬৮/১০, ৩৩০২/১১, ৩৩২০/১১, ৩৪২০/১১, ৪৭৩৮/১১, ১২৬৮/১২, ১৩১৫/১২, ১৩২৬/১২, ৩৪২৬/১২, ৩৫০৬/১২, ৩৮৭২/১২, ৪৮৬৯/১২, ৪৯৩৩/১২, ৫৭৫৫/১২, ৫৯৪৬/১২, ৪২০১/১৫, ৪৫১৫/১৫, ৪৬২৫/১৫, ৪৬৭৮/১৫, ৫৪৫৩/১৫, ৬২৭৩/১৫, ৪২০/১৬, ৮২২/১৬, ১০৩৪/১৬, ২১৬১/১৬, ২২১৯/১৬, ১১৭৫/১৬, ৪৭৪৯/১৬, ৩৮১৫/১৭, ২৭৩৪/১৭, ৩১২৬/১৭= ২০৪টি।

সম্পত্তির চৌহদ্দী: উত্তরে-ঢাকা চট্টগ্রাম হাইওয়ে রোড, দক্ষিণে-ফুলদী নদী, পূর্বে-ফুলদী নদী, পশ্চিমে-ফুলদী নদী।

**ড. গাজী মোঃ সাইফুজ্জামান**
সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখঃ ০৩ অক্টোবর ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-০৪/২০০২-৫৬০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মুহাম্মাদ সাঈদ, পিতা-মুহাম্মাদ হারুনুর রশিদ, মাতা-তাপশি আক্তার, গ্রাম-সতের রশি , ডাকঘর-সদরপুর, উপজেলা- সদরপুর, জেলা- ফরিদপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফরিদপুর জেলার সদরপুর উপজেলার ০৭ নং সদরপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য যে, পরবর্তীতে কোন মামলায় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকিলে অথবা কোন আদেশ/রায় হইলে সে মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।